

### আজ থেকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে অনার্স ১ম বর্ষের ক্লাস শুরু

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) শ্রেণির প্রথম বর্ষের ক্লাস আজ রবিবার থেকে শুরু হচ্ছে। বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার মোঃ মজিবুর রহমান মজুমদার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে ক্লাস শুরুর বিষয়টি নিশ্চিত করা হয়।

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১৭টি বিভাগে ৯১০ জন শিক্ষার্থীর ভর্তি কার্যক্রম চলছে। গত ১৭ ও ১৮ ডিসেম্বর এ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এক দফা সাক্ষাৎকারের তারিখ পিছিয়ে ১৪, ১৫ ও ১৬ ফেব্রুয়ারি সব ইউনিটের সাক্ষাৎকার শেষে ২২ থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত ভর্তি চলে। পরে দফায় দফায় অপেক্ষমাণ তালিকা থেকে সাক্ষাৎকার ও ভর্তির জন্য আহ্বান করা হয়। ভর্তি ও ক্লাস সংক্রান্ত সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে পাওয়া যাবে।